

ড. মুহাম্মদ ইমাদুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড

ড. মুহাম্মদ ইমাদুর রহমান ১৯৭৬ সালে সিলেট জেলায় জন্মগ্রহণ করেন। ২০০০ সালে মালয়েশিয়ার মাল্টিমিডিয়া বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশনে বিএসসি এবং ২০০৩ সালে হেলসিংকি ইউনিভার্সিটি অব টেকনোলজি থেকে রেডিও কমিউনিকেশনে এমএসসি করেন। ২০০৭ সালে ডেনমার্কের আলবর্গ বিশ্ববিদ্যালয় থেকে ওয়্যারলেস কমিউনিকেশনের উপর পিএইচডি সম্পন্ন করেন।

ড. রহমান ডেনমার্কের আলবর্গ বিশ্ববিদ্যালয়ে ডিপার্টমেন্ট অব ইলেকট্রনিক সিস্টেমে সহকারী অধ্যাপক হিসেবে কর্মজীবন শুরু করেন। ২০০৮ সালে প্রযুক্তি প্রতিষ্ঠান এরিকসন রিসার্চে জয়েন করেন। কর্মসূত্রে তিনি সুইডেনের স্টকহোমে বসবাস করতেন। এরিকসন রিসার্চে প্রিন্সিপাল রিসার্চার হিসেবে কর্মরত ছিলেন এবং এরিকসনের বৈশ্বিক প্রকল্প ৬ জি স্ট্যান্ডার্ডাইজেশন গবেষণা প্রকল্পের গ্লোবাল হেড ছিলেন। সেখান থেকে পদত্যাগ করে ২৬ ডিসেম্বর ২০২৪ সালে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও হিসেবে জয়েন করেন।

ড. ইমাদুর রহমান টেলিকমিউনিকেশন সেক্টরে স্বনামধন্য বিশেষজ্ঞ হিসেবে পরিচিত। এখন পর্যন্ত প্রায় ৫০০ এর অধিক পেটেন্ট আবেদন (যার মধ্যে ৩৪৫টি অনুমোদিত), এছাড়াও IEEE জার্নাল ও বিভিন্ন কনফারেন্সে প্রায় ৪৫টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেছেন। মূল লেখক ও সহ-লেখক হিসেবে ~১০০০টি ৩জিপিপি পেপার, ২টি গবেষণামূলক বই ও ৩টি চ্যাপ্টারে কো-অথর হিসেবে ভূমিকা রেখেছেন।

এর পাশাপাশি ড. মুহাম্মদ ইমাদুর রহমান সুইডেনে একজন ব্যবসা উদ্যোক্তা হিসেবে বিনিয়োগ কোম্পানি প্রতিষ্ঠা করেন। বিনিয়োগ কোম্পানির চেয়ারম্যান হিসেবে তিনি বিনিয়োগের ভবিষ্যৎ কৌশল, কর্মচারীদের কল্যাণ, আর্থিক ব্যবস্থাপনা, বিনিয়োগকারীদের সঙ্গে সম্পর্ক তৈরিতে নেতৃত্ব ও ব্যবস্থাপনার সুযোগ পেয়েছেন।